“যখন রমযান আসে তখন জান্নাতের দরজাসমূহ উন্মুক্ত করে দেওয়া হয় আর জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেওয়া হয় এবং শয়তানগুলোকে শিকলে বন্দী করা হয়।”

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন রমযান আসে তখন জান্নাতের দরজাসমূহ উন্মুক্ত করে দেওয়া হয়
আর জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেওয়া হয় এবং শয়তানগুলোকে শিকলে বন্দী করা হয়।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছেন যে যখন রমযান মাস আসে, তখন তিনটি ঘটনা ঘটে: প্রথমত: জান্নাতের দরজাগুলো খুলে দেওয়া হয় এবং সেগুলোর কোনটি বন্ধ করা হয় না। দ্বিতীয়ত: জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেওয়া হয় এবং সেগুলোর কোনটি খোলা হয় না। তৃতীয়ত: শয়তান ও দুষ্ট জিনদের শৃঙ্খলিত করা হয়, ফলে তারা রমযান ছাড়া অন্য সময়ে যা করতে পারত, তা করতে পারে না। এ সবই করা হয়, এই মাসকে মর্যাদাবান করার জন্য এবং ইবাদতকারীদেরকে বেশি বেশি নেক আমল, যেমন নামাজ, সদকা, জিকির, কুরআন তিলাওয়াত ইত্যাদি নেক কাজ করতে উৎসাহিত করার জন্য। পাশাপাশি গুনাহ ও পাপ থেকে দূরে থাকার জন্য।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10107